



পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-৮১০০।



স্মারক নং : বশেমুরবিপ্রবি/পনি/পবি/১২/২০২১-৬০৫(৪৬)

তারিখঃ ০৮ ভাদ্র-১৪২৮  
২২ আগস্ট-২০২১

## বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/ইনস্টিটিউট এর সম্মানিত সভাপতি/পরিচালকগণকে জানানো যাচ্ছে যে, একাডেমিক কাউন্সিলের ২৩তম সভার অনুমোদনের প্রেক্ষিতে জানুয়ারি-জুন-২০২০ (১ম) সেমিস্টারের স্নাতক ও স্নাতকোত্তর এর পরীক্ষা (রিটেক সহ) অনলাইনের মাধ্যমে আগামী সেপ্টেম্বর-২০২১ মাসের প্রথম সপ্তাহ হতে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত বিষয় ও পরীক্ষার সময়সূচী স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউট এর পরীক্ষা কমিটি ও একাডেমিক কমিটি নির্ধারণ করবেন। এ উপলক্ষে আপনার বিভাগ/ইনস্টিটিউট এর ৪র্থ বর্ষ ১ম সেমিস্টার এবং যদি কোন বিভাগের ৩য় বর্ষের শিক্ষার্থীরা অনলাইনে পরীক্ষা দিতে ইচ্ছুক হয় এবং সংশ্লিষ্ট বিভাগের শিক্ষকগণ সম্মতি প্রদান করেন সেক্ষেত্রে ৩য় বর্ষ ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা (তত্ত্বীয়) নেওয়া যাবে। যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের প্রত্যেকের ছবি যুক্ত তালিকা (নাম, স্টুডেন্ট নাম্বার, শিক্ষাবর্ষ, হলের নাম, কোর্স কোড ও কোর্স শিরোনাম ইত্যাদি উল্লেখ পূর্বক) আগামী ২৬/০৮/২০২১ ইং তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক এর দপ্তরে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, পরীক্ষার ফর্ম ফিলাপ ফি, রেজিস্ট্রেশন ফিসহ অন্যান্য ফি (প্রতি ক্রেডিট ফি, কেন্দ্র ফি, প্রবেশপত্র ফি) আপাততঃ প্রদান করার প্রয়োজন নেই। তবে শিক্ষার্থীরা যখন সশরীরে ক্যাম্পাসে আসবে তখন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সকল ফিস তারা প্রদান করবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।




(এস এম গোলাম হায়দার)

পরীক্ষা নিয়ন্ত্রক

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। ডিন, ..... অনুসদ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। সভাপতি, ..... বিভাগ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৩। রেজিস্ট্রার, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪। উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৫। সহকারী রেজিস্ট্রার, একাডেমিক শাখা, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৬। উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৮। পিএস টু ভাইস-চ্যান্সেলর মহোদয়, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (মাননীয় ভাইস-চ্যান্সেলরের জ্ঞাতার্থে)।
- ৯। অফিস নথি।
- ১০। নোটিশ বোর্ড।



(মিকাইল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।